রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং ২৯৭-আইন/২০১৯/৪৬/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), section 18 এর sub-section (1) এর proviso এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**। —এই বিধিমালা কাস্টমস (ডি মিনিমিস) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "ডি মিনিমিস (De minimis)" অর্থ সেই পরিমাণ মূল্য বা শুল্ক-কর যাহার নিম্ন মূল্যমানের পণ্য হইতে সরকারি রাজস্ব হিসাবে শুল্ক-কর আদায়যোগ্য নহে ;

(খ) "শুল্ক-মূল্য (Customs value)" অর্থ ইন্স্যুরেন্স ও ফ্রেইট চার্জসহ পণ্যের মূল্য; এবং

(গ) "স্বাভাবিক মূল্য (Intrinsic value)" অর্থ ইন্স্যুরেন্স ও ফ্রেইট চার্জ ব্যতীত কেবল পণ্য মূল্য।


**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। **আমদানি পদ্ধতি**।—(১) যদি পণ্যের মূল্য এবং প্রযোজ্য শুল্ক-কর ডি মিনিমিস সীমার মধ্যে থাকে, তাহা হইলে কোনো পণ্যের আমদানি নিয়ন্ত্রণের ক্ষেত্র ব্যতীত উক্ত পণ্য শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে ছাড়যোগ্য হইবে।

(২) ডি মিনিমিস আমদানির তথ্য নির্ধারিত রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে এবং সংশ্লিষ্ট কাস্টমস কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা নির্ধারিত সহজীকরণ পদ্ধতিতে আমদানিকৃত পণ্য ছাড়করণ করা হইবে।

(৩) রপ্তানিকারক, আমদানিকারক, কনসাইনি বা ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক অবশ্যই ইনভয়েস, ক্রয় রশিদ বা সমজাতীয় দলিলে আমদানিকৃত ডি মিনিমিস পণ্যের সুনির্দিষ্ট মূল্য লিপিবদ্ধ থাকিতে হইবে।

৪। **প্রযোজ্যতা ও অপ্রযোজ্যতা**।—(১) নিম্নবর্ণিত ক্ষেত্রে ডি মিনিমিস সুবিধা প্রযোজ্য হইবে, যথা:—

(ক) যে সকল পণ্যের স্বাভাবিক মূল্য ২ (দুই) হাজার টাকার অধিক নহে এবং শুল্ক-কর ২ (দুই) হাজার টাকার অধিক নহে এইরূপ পণ্যচালান ডি মিনিমিস এর মাধ্যমে কাস্টমস ডিউটি, রেগুলেটরি ডিউটি এবং অন্যান্য কর বা চার্জ পরিশোধ ব্যতিরেকে আমদানি করা যাইবে;

(খ) আমদানি নীতি আদেশে বর্ণিত অনধিক ২ (দুই) হাজার টাকা মূল্যমান এবং ২ (দুই) হাজার টাকা শুল্ক-কর সীমা পর্যন্ত আমদানিকৃত পণ্যের বাণিজ্যিক নমুনার ক্ষেত্রে ডি মিনিমিস সুবিধা প্রদান করা যাইবে।

(২) নিম্নবর্ণিত ক্ষেত্রে ডি মিনিমিস সুবিধা প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) "Without commercial value" বা "No commercial value" ঘোষিত পণ্য আমদানি বা মূল্য ঘোষণা করা সত্ত্বেও "Value for customs purpose only" লিখিত পণ্য চালান;

(খ) কোনো যাত্রী কর্তৃক আনীত তামাক, মদ, সুগন্ধি বা প্রসাধনী জাতীয় পণ্য এবং এতদ্ব্যতীত কাস্টমস কমিশনার কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত কোনো সংবেদনশীল পণ্য;

(গ) উক্ত Act বা বিদ্যমান আমদানি নীতি আদেশে উল্লিখিত নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত পণ্যসহ অস্ত্র, বিস্ফোরক, সামরিক সরঞ্জাম, মাদক, মাদক উপকরণ এবং অন্যান্য পণ্য যাহা জনশৃঙ্খলা বা জননিরাপত্তা বিঘ্নিত করিতে পারে;

(ঘ) মূল্য সীমা নির্বিশেষে বাণিজ্যিক প্রকৃতির পণ্য;

(ঙ) বিধিবদ্ধ সীমার মধ্যে এবং ব্যক্তিগত ব্যবহার ব্যতীত কোনো সরকারি দপ্তর বা সংস্থা কর্তৃক নিয়ন্ত্রণাধীন পণ্য।

৫। **ডি মিনিমিস ইউনিট**।—(১) প্রত্যেক কাস্টমস হাউস বা কাস্টমস স্টেশনে সুনির্দিষ্ট ডি মিনিমিস ইউনিট থাকিবে এবং উক্ত ইউনিট ডি মিনিমিস হিসাবে ঘোষিত পণ্যচালান খালাসকরণে নিয়োজিত থাকিবে।

(২) ডি মিনিমিস আর্থিক সীমা অতিক্রমকারী কোনো পণ্যচালানের অংশবিশেষ যাহাতে উক্তরূপ সুবিধা গ্রহণ করিতে না পারে তাহা সংশ্লিষ্ট ডি মিনিমিস ইউনিট নিশ্চিত করিবে।

৬। **ঝুঁকি ব্যবস্থাপনা**।—(১) ডি মিনিমিস সুবিধায় আমদানিকৃত পণ্য ছাড়ের পূর্বে যথাযথ আইনি প্রক্রিয়া প্রতিপালন ও শুল্ক-কর আদায় নিশ্চিতকরণকল্পে কাস্টমস কর্তৃপক্ষ উপযুক্ত ঝুঁকি ব্যবস্থাপনা নীতি গ্রহণ করিবে এবং কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক সাপ্তাহিক ভিত্তিতে ডি মিনিমিস কার্যক্রম সম্পাদিত হইবে।

(২) ঝুঁকি ব্যবস্থাপনা নীতির আলোকে সহকারী রাজস্ব কর্মকর্তা বা রাজস্ব কর্মকর্তা ডি মিনিমিস সুবিধায় আমদানিকৃত পণ্য কায়িক পরীক্ষা করিবে এবং পরীক্ষার ফলাফল ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করিবে।

(৩) খালাসপূর্ব ঝুঁকি ব্যবস্থাপনা নীতির আওতায় দৈবচয়নের ভিত্তিতে কাস্টমস কর্তৃপক্ষ ডি মিনিমিস সুবিধায় ছাড়কৃত পণ্যচালান পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবে।

(৪) যথাযথ কাস্টমস নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লক্ষ্যে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ ডি মিনিমিস চালান সম্পর্কিত তথ্য উপযুক্ত পদ্ধতিতে সংরক্ষণ করিবে।

৭। **দলিলাদি দাখিল ও পণ্য ছাড়করণ পদ্ধতি**।—(১) আমদানিকারক বা তদ্‌কর্তৃক মনোনীত প্রতিনিধি সর্বনিম্ন সংখ্যক দলিলাদির মাধ্যমে সংক্ষিপ্ত আকারে শুল্ক ঘোষণা প্রদান করিবেন এবং উক্ত দলিলাদির মধ্যে কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, মূসক নিবন্ধন, ট্রান্সপোর্ট দলিল এবং আনুষঙ্গিক অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি থাকিবে।

(২) কাস্টমস কর্তৃপক্ষ ডি মিনিমিস পণ্যের জন্য পৃথক Customs Procedure Code (CPC) প্রস্তুত করিতে পারিবে।

(৩) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নিরূপিত মূল্যের ভিত্তিতেই ডি মিনিমিস সুবিধার প্রাপ্যতা নির্ধারিত হইবে এবং পণ্যচালানের মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান শুল্ক মূল্যায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি অনুসৃত হইবে, তবে এইরূপ ক্ষেত্রে ইন্স্যুরেন্স এবং ফ্রেইট ব্যতীত কেবল পণ্যের স্বাভাবিক মূল্য নির্ধারণ করিতে হইবে।

(৪) ডি মিনিমিস মূল্যসীমা বহির্ভূত পণ্যচালান আটকের ক্ষেত্রে যদি প্রমাণিত হয় যে, প্রকৃতই ডি মিনিমিস মূল্যসীমা বহির্ভূত পণ্য আমদানি হইয়াছে, তাহা হইলে উহার উপর প্রযোজ্য স্বাভাবিক শুল্ক-কর পরিশোধ না করা পর্যন্ত উক্ত পণ্যচালান আটক রাখা হইবে।

(৫) জাতীয় রাজস্ব বোর্ড শুল্ক-কর ছাড়যোগ্য মূল্য এবং শুল্ক-করের পরিমাণ নিয়মিতভাবে পর্যালোচনা করিবে এবং, প্রয়োজনে, ডি মিনিমিস সংক্রান্ত বিধি-বিধান হালনাগাদ করিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
চেয়ারম্যান।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, ংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd